

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩১৫৫
আগরতলা, ২৯ সেপ্টেম্বর, ২০২৬

নেডফি'র ৩১তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

নর্থ ইস্টার্ন ডেভেলপমেন্ট ফিনান্স কর্পোরেশন লিমিটেড বা নেডফি-এর ৩১তম বার্ষিক সাধারণ সভা আজ গুয়াহাটীস্থিত নেডফি'র অফিসে অনুষ্ঠিত হয়। সভায় নেডফি'র সিএমডি পিভিএসএলএন মূর্তি গত এক বছরে নেডফি'র সাফল্যের তথ্য তুলে ধরেন। তিনি জানান, ২০২৫-২৬ অর্থবছরে নেডফি ৯৭৭.৪২ কোটি টাকা বিভিন্ন প্রকল্পের জন্য অনুমোদন করেছে। এর আগের অর্থবছরে বিভিন্ন প্রকল্প অনুমোদন করা হয়েছিল ৮৮২.৯৮ কোটি টাকা। নেডফি সব মিলিয়ে ৩৪ হাজার ৩২৭টি প্রকল্প রূপায়ণে মোট ১০,০৯১.৮০ কোটি টাকা মঞ্জুর করেছে।

তিনি জানান, নর্থ ইস্ট ভেঞ্চার ফান্ড ডোনার মন্ত্রক এবং এসআইডিবিআই ৭০টি স্টার্টআপস-এ সহযোগিতা করেছে। এই সংস্থাটি মহিলা ক্ষমতায়ন, কর্মসংস্থানমুখী দক্ষতা উন্নয়ন, কারু শিল্পের উন্নয়ন প্রভৃতিতে বিশেষ নজর দিয়েছে। চলতি অর্থবছরে বিভিন্ন ব্যবসা খাতে ১২৯১ জনকে সহায়তা করা হয়েছে। সময়মতো আর্থিক সহায়তা, দক্ষতা বৃদ্ধি, পরামর্শদান প্রভৃতির মাধ্যমে প্রথম প্রজন্মের উদ্যোক্তা এমএসএমই প্রভৃতিকে সহায়তা করে এই অঞ্চলের সুস্থায়ী উন্নয়নে এই সংস্থা তার সহযোগিতা অব্যাহত রাখবে। নেডফি থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানানো হয়েছে।
